

# ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৯৫] ৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (১ হাট্টি) পরিচ্ছেদঃ ২২৪১. বিদায় হজ্জ

باب حَجَّةُ الْوَدَاعِ

### আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ، حَدَّثَنَا مَالِكٌ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ - رضى الله عنها - قَالَتْ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم في حَجَّةِ الْوَدَاعِ، فَأَهْلَلْنَا بِعُمْرَةٍ، ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ كَانَ مَعَهُ هَدْيٌ الْوَدَاعِ، فَأَهْلِلْ بِالْحَجِّ مَعَ الْعُمْرَةِ، ثُمَّ لَا يَحِلَّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا جَمِيعًا ". فَقَدَمْتُ مَعَهُ مَكَّةَ وَأَنَا فَلَيْهُلِلْ بِالْحَجِّ مَعَ الْعُمْرَةِ، ثُمَّ لَا يَحِلَّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا جَمِيعًا ". فَقَدَمْتُ مَعَهُ مَكَّةً وَأَنَا حَائِضٌ، وَلَمْ أَطُفُ بِالْبَيْتِ وَلاَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ، فَشَكَوْتُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " انْقُضِي رَأْسَكِ، وَامْتَشِطِي وَأَهِلِّي بِالْحَجِّ وَدَعِي الْعُمْرَةَ ". فَفَعَلْتُ فَلَمَّا عليه وسلم مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ عَليه وسلم مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ الصَيْفَ وَالْمَرْقِ بَالْبُيْتِ وَبَيْنَ الصَيْفَا وَالْمَرْوَةِ، ثُمَّ حَلُوا، ثُمَّ طَافُوا طَوَافًا آخَرَ بَعْدَ أَنْ رَجَعُوا مِنْ بِالْعُمْرَةِ بِالْبَيْتِ وَبَيْنَ الصَقَفَا وَالْمَرْوَةِ، ثُمَّ حَلُوا، ثُمَّ طَافُوا طَوَافًا آخَرَ بَعْدَ أَنْ رَجَعُوا مِنْ مَعُوا الْحَجَّ وَالْعُمْرَة فَإِنَّمَا طَافُوا طَوَافًا وَاحِدًا.

#### বাংলা

৪০৫৩। ইসমাঈল ইবনু আবদুল্লাহ (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্নিত, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বিদায় হাজ্জে (হজ্জ) (মক্কার পথে) রওয়ানা হই। তখন আমরা উমরার (নিয়াতে) ইহরাম বাঁধি। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোষনা দিলেন, যাদের সঙ্গে কুরবানীর পশু রয়েছে, তারা যেন হাজ্জ (হজ্জ) ও উমরা উভয়ের একসাথে ইহরামের নিয়াত করে এবং হাজ্জ (হজ্জ) ও উমরার অনুষ্ঠানাদি সমাধা করার পূর্বে হালাল না হয়।

এভাবে তাঁর [রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর] সঙ্গে আমি মক্কায় পৌঁছি এবং ঋতুবতী হয়ে পড়ি। এ কারনে আমি বায়তুল্লায় তাওয়াফ এর সাফা ও মারওয়ার সায়ী করতে পারলাম না। এ খবর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে অবহিত করলাম। তখন তিনি বললেন, তুমি তোমার মাথার চুল ছেড়ে দাও এবং মাথা



(চিরুনি দ্বারা) আঁচড়াও আর কেবল হাজের (হজ্জ) ইহরাম বাঁধ ও উমরা ছেড়ে দাও। আমি তাই করলাম।

এরপর আমরা যখন হাজ্জের (হজ্জের) কাজসমূহ সম্পন্ন করলাম, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আবৃ বকর সিদ্দীক (রাঃ) এর পুত্র (আমার ভাই) আবদুর রহমান (রাঃ) এর সঙ্গে তানঈম নামক স্থানে পাঠিয়ে দিলেন। সেখান থেকে (ইহরাম বেঁধে) উমরা আদায় করলাম। তখন তিনি [রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] বললেন, এই উমরা তোমার পূর্বের কাযা উমরার পরিপূরক হল। আয়িশা (রাঃ) বলেন, যারা উমরার ইহরাম বেঁধেছিলেন তারা বায়তুল্লাহ্ তাওয়াফ করে এবং সাফা ও মারওয়া সায়ী করার পর হালাল হয়ে যান এবং পরে মিনা থেকে প্রত্যাবর্তন করার পর আর এক তাওয়াফ আদায় করেন। আর যাঁরা হাজ্জ (হজ্জ) ও উমরার ইহরাম এক সাথে বাঁধেন (হাজ্জে (হজ্জ) কিরানে), তাঁরা কেবল এক তাওয়াফ আদায় করেন।

## **English**

#### Narrated `Aisha:

We went out with Allah's Messenger (ﷺ) during Hajjat-ul-Wada` and we assumed the Ihram for `Umra. Then Allah's Messenger (ﷺ) said to us, "Whoever has got the Hadi should assume the Ihram for Hajj and `Umra and should not finish his Ihram till he has performed both (`Umra and Hajj)." I arrived at Mecca along with him (i.e. the Prophet (ﷺ) ) while I was menstruating, so I did not perform the Tawaf around the Ka`ba or between Safa and Marwa. I informed Allah's Messenger (ﷺ) about that and he said, "Undo your braids and comb your hair, and then assume the Ihram for Hajj and leave the `Umra." I did so, and when we performed and finished the Hajj, Allah's Messenger (ﷺ)s sent me to at-Tan`im along with (my brother) `Abdur-Rahman bin Abu Bakr As-Siddig, to perform the `Umra. The Prophet (變) said, "This `Umra is in lieu of your missed `Umra." Those who had assumed the Ihram for `Umra, performed the Tawaf around the Ka`ba and between Safa and Marwa, and then finished their Ihram, and on their return from Mina, they performed another Tawaf (around the Ka`ba and between Safa and Marwa), but those who combined their Hajj and `Umra, performed only one Tawaf (between Safa and Marwa) (for both).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন